



উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

## “সংবাদ বিজ্ঞপ্তি”

**“মেঘনায় দুর্ঘটনা কবলিত এম ভি সাগর নন্দিনী -২ জাহাজ হতে নদীতে নিঃসৃত তেল অপসারণে মোংলা বন্দর কর্তৃপক্ষের 'পশুর ক্লিনার -১' এবং টাগ বোট 'অগ্নিপ্রহরী' কর্তৃক সহায়তা প্রদানের উদ্দেশ্যে ভোলায় প্রেরণ।”**

গত ২৫ ডিসেম্বর আনুমানিক ভোর ০৪ ঘটিকায় ভোলা জেলার সদর উপজেলাধীন তুলাতুলি সংলগ্ন মেঘনা নদীতে পদ্মা ওয়েল কোম্পানি লিমিটেড এর চট্টগ্রাম হতে চাঁদপুরগামী এম ভি সাগর নন্দিনী-২ নামক তেল বাহী জাহাজ ০৯ লক্ষ লিটার ডিজেল ও ২ লক্ষ ৩৪ হাজার লিটার অকটেন সহ ঘন কুয়াশার কারণে অপর দিক হতে আসা একটি কার্গো জাহাজের সাথে মুখোমুখি সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষে তেল বাহী জাহাজের ইঞ্জিন রুমের ডান পাশে ফেঁটে যায় এবং জাহাজটি অর্ধ নিমজ্জিত অবস্থায় ডুবে যায়।

দুর্ঘটনাকবলিত অয়েল ট্যাংকার হতে নিঃসৃত তেল যেন মেঘনা নদীতে ছড়িয়ে পড়ে জীব বৈচিত্রে কোনও প্রভাব ফেলতে না পারে, সেজন্য নৌ পরিবহন মন্ত্রণালয়ের নির্দেশে তাৎক্ষণিকভাবে মোংলা বন্দর কর্তৃপক্ষের অত্যাধুনিক নিঃসৃত তেল অপসারণকারী জলযান 'পশুর ক্লিনার-১' এবং একটি সহায়তাকরী জলযান এমটি ' অগ্নিপ্রহরী' ভোলার তুলতুলিতে প্রেরণ করা হয়।

বর্তমানে মোংলা বন্দর কর্তৃপক্ষের ল্যামোর সংযোজিত অত্যাধুনিক বোট পশুর ক্লিনার-১ কোস্ট গার্ড এবং BIWTA এর সাথে যৌথ অভিযানের মাধ্যমে দুর্ঘটনাকবলিত জাহাজ সাগর নন্দিনী-২ এর উদ্ধার এবং পানিতে নিঃসৃত তেল অপসারণের কার্যক্রমে নিয়োজিত রয়েছে।

স্বাক্ষরিত/-  
মো: মাকরুজ্জামান  
উপসচিব